

# এইচএসসির ফল প্রকাশ ১৯ জুলাই

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, শুক্রবার, ০৬ জুলাই ২০১৮

এবারের  
এইচএসসি ও  
সমমানের  
পরীক্ষার ফল  
প্রকাশ হচ্ছে  
আগামী ১৯  
জুলাই। ওইদিন এ



পরীক্ষার ফল প্রকাশ করার তথ্য জানিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা আফরাজুর রহমান গতকাল সংবাদকে বলেন, ‘প্রধানমন্ত্রীর কার্যালয় উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশের জন্য ১৯ জুলাই সময় দিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের চিঠি পাঠিয়েছে। এর আলোকেই ফল প্রকাশের সর্বশেষ প্রস্তুতি চলছে।’ অতীতের রেওয়াজ অনুযায়ী শিক্ষাবোর্ডগুলোর চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ওই দিন সকালে প্রধানমন্ত্রীর হাতে ফলাফলের সারসংক্ষেপ তুলে দেবেন। এর পর তিনি সচিবালয়ে সংবাদ সম্মেলনে ফলাফলের বিভিন্ন দিক তুলে ধরবেন। শিক্ষামন্ত্রীর সংবাদ

সম্মেলনের পর থেকে সারাদেশের শিক্ষার্থী ফল জানতে পারবে।

আফরাজুর রহমান জানান, ‘১৯ জুলাই সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রীর হাতে ফলাফলের অনুলিপি তুলে দেয়া হবে। এরপর বেলা সাড়ে ১২টায় সচিবালয়ে এ নিয়ে সংবাদ সম্মেলন করবেন শিক্ষামন্ত্রী।’

সারাদেশের ২ হাজার ৫৪১টি কেন্দ্রে এবার এইচএসসি ও সমমানের পরীক্ষায় ১৩ লাখ ১১ হাজার ৪৫৭ জন শিক্ষার্থী অংশ নেয়।

গত ২ এপ্রিল শুরু হয়ে গত ১৩ মে তৃত্বীয় পরীক্ষা শেষ হয়। এরপর ২৩ মে শেষ হয় ব্যবহারিক পরীক্ষা। গত কয়েক বছর ধরেই পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে ফল প্রকাশ করে আসছে শিক্ষাবোর্ড।